

স্মারক নং- ০৫.৫৫.২৭০০.০১১.০৫.০১১.১১-

৪২০

তারিখ: ২০ ফাল্গুন ১৪২৫
০৫ মার্চ ২০১৯

"সায়রাত মহাল" ইজারা বিজ্ঞপ্তি:
(চিত্তামন পশুমেলা)

এতদ্বারা দিনাজপুর জেলার অধীন নিয়োক্ত সায়রাত মহাল (পশুমেলা) বাংলা ১৪২৬ সনের নির্ধারিত সময়ের জন্য অস্থায়ীভিত্তিতে ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ব্যক্তির নিকট হতে নিয়োক্ত বর্ণনা ও শর্ত মোতাবেক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। ১ম আহবানে আশানুরূপ দর না পাওয়া গেলে ২য় ও ৩য় আহবানের তারিখ গুলোর কার্যক্রম চলমান থাকবে।

সায়রাত মহালের নাম ও উপজেলার নাম	মৌজার নাম ও তফসিল	দরপত্রের মূল্য	১৪২৬ সনের সম্ভাব্য ইজারা মূল্য	দরপত্র সংগ্রহের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ
চিত্তামন পশু মেলা, ফুলবাড়ী, দিনাজপুর।	মৌজা- জয়কৃষ্ণপুর, দাগনং- ৬৫৩, পরিমাণ- ৩.৩৩ একর।	২০০/-	৬৮,০৯০/-	১ম আহবান: ২৪/০৩/২০১৯ ২য় আহবান: ৩১/০৩/২০১৯ ৩য় আহবান: ০৭/০৪/২০১৯	২৫/০৩/২০১৯ ০১/০৪/২০১৯ ০৮/০৪/২০১৯

শর্তাবলীঃ

- (১) দরপত্রের শর্তাবলী সম্বলিত সিডিউল জেলা প্রশাসকের কার্যালয় এর রাজস্ব শাখা এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে সায়রাত মহালের জন্য ২০০ (দুইশত) টাকা মূল্যে (অফেরৎযোগ্য) ইজারা বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে অফিস চলাকালীন ক্রয় করা যাবে। সীলমোহরকৃত দরপত্র ইজারা বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে, জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখায়, এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাজে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত দাখিল করা যাবে।
- (২) জেলা প্রশাসকের কার্যালয় এ রক্ষিত দরপত্র বাজের মুখ ঐ দিন দুপুর ১.০০ ঘটিকায় বন্ধ করে সংশ্লিষ্ট উপজেলা হতে প্রাপ্ত দরপত্র সংগ্রহের পর বেলা ৫.০০ ঘটিকার সময় টেন্ডার দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে এবং পরবর্তীতে টেন্ডার কমিটির সভায় সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হবে।
- (৩) প্রতিটি সায়রাত মহালের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করিতে হবে।
- (৪) দরপত্রের সঙ্গে প্রদত্ত দরের ২৫% জামানত হিসেবে জেলা প্রশাসক, দিনাজপুরের অনুকূলে যে কোন তফসিলি ব্যাংকের শাখা হতে বি.ডি/পে.অর্ডার আকারে দাখিল করতে হবে।
- (৫) সফলকাম দরদাতাকে অফার পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে গৃহীত দরের সমুদয় টাকা জমা দিতে হবে। বার্থতার জামানতের টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
- (৬) অনুমোদিত দরপত্রের মূল্যের উপর ৫% হারে আয়কর ও ১৫% হারে মূল্য সংযোজন কর প্রদান করতে হবে।
- (৭) সীলমোহরকৃত খামের উপর দরপত্রের তথ্যাদি এবং দরদাতার পূর্ণ ঠিকানা সহ মহালের নাম উল্লেখ করতে হবে। কোন অস্পষ্ট বা কাটাকাটি দরপত্র গ্রহণ করা হবে না।
- (৮) কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বাতিল কিংবা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- (৯) দরপত্র সংক্রান্ত সিডিউল, শর্ত ও অন্যান্য বিষয়ে তথ্যাবলী অফিস চলাকালীন সময়ে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত নিম্নবাহুরকারীর কার্যালয়ের রাজস্ব শাখা এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে প্রতি কার্যদিবসে জানা যাবে।
- (১০) ইজারা গ্রহীতা কাউকে ইজারাকৃত মহাল, সাবলীজ দিতে পারবেন না। উক্ত মহালের সীমানা বজায় রাখবেন। সাবলীজ প্রদান করা হলে ইজারাকৃত মহাল তাৎক্ষণিক স্বয়ংক্রিয় ভাবে জেলা প্রশাসক বা কান্ট্রোলারের নিকট প্রতর্পিত হবে।
- (১১) উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনের পর ইজারা চূড়ান্ত হবে। অন্যথায় ইজারা বাতিল হয়ে যাবে। ইজারা গ্রহীতার জমাকৃত অর্থ হতে মহাল দখলকৃত/ভোগের সময়ের জন্য আনুপাতিক হারে টাকা বাদ দিয়ে অবশিষ্ট টাকা ইজারা গ্রহীতাকে ফেরত দেয়া হবে। এতে ইজারা গ্রহীতার কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- (১২) ইজারা কালীন সরকার কর্তৃক নতুন কোন কর আরোপ করা হলে ইজারাদার তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।
- (১৩) দরপত্রদাতা মহাল সম্পর্কিত অবস্থান সরেজমিনে পর্যবেক্ষণ করতে পারবেন। পরবর্তীতে মহাল সম্পর্কিত কোন প্রকার আপত্তি গ্রহণ যোগ্য হবে না।
- (১৪) সায়রাত মহালের ইজারা মেয়াদ শেষ হবার সাথে সাথে তার দখল সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) বরাবর হস্তান্তর করতে হবে।

(মোঃ মাহমুদুল আলম)

জেলা প্রশাসক

ও

সভাপতি

জেলা সায়রাত মহাল টেন্ডার কমিটি

দিনাজপুর।

স্মারক নং- ০৫.৫৫.২৭০০.০১১.০৫.০১১.১৯-

৪২৭ (৩০)

তারিখ ২৯ ফাল্গুন ১৪২৫
০৫ মার্চ ২০১৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ৪। পুলিশ সুপার, দিনাজপুর।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর।
- ৬-৭। নির্বাহী প্রকৌশলী, এল,জি,ই,ডি/গণপুত্র বিভাগ, দিনাজপুর।
- ৮। জেলা সমবায় অফিসার, দিনাজপুর।
- ৯। জেলা মৎস্য অফিসার, দিনাজপুর।

সদয় অবগতি ও ব্যাপক প্রচারের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। মেয়র, ফুলবাড়ী পৌরসভা, দিনাজপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। সহকারী কমিশনার (ভূমি), ফুলবাড়ী, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি তার উপজেলার হাট/বাজার সহ গুরুত্বপূর্ণ জনসমাগম স্থানে ব্যাপক জারী/ঢোল সহরত পূর্বক জারী প্রতিবেদন দরপত্র দাখিলের দিনের পূর্বে অত্র কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। পোস্ট-মাষ্টার, ফুলবাড়ী, দিনাজপুর।
- ৫। চেয়ারম্যান,..... ইউনিয়ন পরিষদ উপজেলা, দিনাজপুর।
- ৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,..... ইউনিয়ন ভূমি অফিস, উপজেলা..... দিনাজপুর।
- ৭। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি জেলা ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৮। নোটিশ বোর্ড।

০৫/০৩/১৯

(ক্যাথোয়াইপু মারমা)
রেভিনিউ ডেপুটি কালেক্টর

ও
সদস্য সচিব

জেলা সায়রাত মহাল টেন্ডার কমিটি
দিনাজপুর।

২